দৈনিক
ইত্তেফাক

তারিখ: 5 AUG 2009
পৃষ্ঠা: ১৬ কলাম: ৮

# প্রাথমিক শিক্ষা ব্যবস্থার গুণগত মানোন্নয়নে ব্যাপক পরিবর্তন আসছে

॥ মোশতাক আহমেদ ॥

২০১১ সালের মধ্যে সবার জন্য শিক্ষা, শিশু-কিশোরদের স্কুলমুখী করাসহ শিক্ষার গুণগত মানোন্নয়নে প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় ব্যাপক পরিবর্তন আনা হচ্ছে। এ বিষয়ে নতুন নীতিমালা প্রণয়নের কাজ এগিয়ে চলছে। গত সোমবার সচিবালয়ে প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মোতাহার হোসেন সাংবাদিকদের, বলেন, নতুন নীতিমালার আলোকে এ বছর থেকেই পঞ্চম শ্রেণীতে সমাপনী পরীক্ষা নেয়া হবে। উত্তীর্ণদের পঞ্চম শ্রেণী পাশের সনদ দেয়া হবে এবং আগামী বছর থেকে পঞ্চম শ্রেণী পাশের সনদ ছাড়া ৬ষ্ঠ শ্রেণীতে ভর্তি হওয়া যাবে না। বিগত বছরগুলোতে তৃতীয় ও ৪র্থ শ্রেণীর ছাত্রছাত্রীদের ৪০ শতাংশ নতুন বই ও ৬০ শতাংশ পুরাতন বই দেয়া হতো। শিশু-কিশোরদের উদ্বুদ্ধ করার লক্ষ্যে এখন থেকে সবাইকে নতুন বই বিনামূল্যে দেয়া হবে। শিক্ষার্থীদেরকে দুপুরের খাবারের ব্যবস্থা করা হবে।

**পঞ্চম শ্রেণী পাসের সনদ দেয়া হবে। খারাপ ফলাফলের জন্য শিক্ষকদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়ার বিধান থাকবে**

প্রতিটি শিক্ষার্থী যাতে পঞ্চম শ্রেণীর বৃত্তি পরীক্ষায় অংশ নিতে পারে এ জন্য প্রয়োজনে প্রতিটি ইউনিয়নে সমাপনী পরীক্ষা কেন্দ্র স্থাপন করা হবে। বর্তমান নিয়মে প্রতিটি ইউনিয়নে ২ জন ট্যালেন্টপুলে ও ২ জন সাধারণ গ্রেডে বৃত্তিপ্রাপ্ত হলেও এ সংখ্যা আরো বাড়ানো হবে। বৃত্তি পরীক্ষার জন্য আলাদা কোন পরীক্ষা নেয়া হবে না। পঞ্চম শ্রেণীর সমাপনী পরীক্ষায় উত্তীর্ণদের মধ্য থেকেই গ্রেডেশন ভিত্তিতে বৃত্তি প্রদান করা হবে। প্রাথমিক বিদ্যালয়ের জন্য নতুন ক্লাস টাইম নির্ধারণ করা হয়েছে। নতুন সময় অনুযায়ী সকাল সাড়ে ৯টা থেকে বিকাল সাড়ে ৪টা পর্যন্ত স্কুল খোলা থাকবে। দুপুরে আধাঘণ্টার বিরতি থাকবে।

শিক্ষকদেরকে স্কুলের ফলাফলের জন্য পুরস্কৃত করা হবে। এমনকি খারাপ ফলাফলের জন্য শিক্ষকদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়ারও বিধান থাকবে। শিক্ষকদের বেতন ভাতাসহ অন্যান্য সুযোগ সুবিধাও বাড়ানো হবে। বদলির ক্ষেত্রে শূন্যপদ প্রাপ্তি সাপেক্ষে অটো বদলির ব্যবস্থা থাকবে। যেসব এলাকায় বর্ষার মৌসুমে ক্লাসে যেতে অসুবিধা হয় ওইসব এলাকার জন্য নতুন করে বিদ্যালয় টাইম নির্ধারণ করা হবে। শতভাগ শিশুকে স্কুলমুখী করতে দেশের সকল অঞ্চলের উপর পৃথক পৃথক সার্ভে রিপোর্ট মূল্যায়ন করা হবে। যেকোন মূল্যে প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করতে সম্ভাব্য সব ধরনের উদ্যোগ নেবে সরকার।